

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় :
পক্ষ-প্রতিপক্ষের**

সমাবেশ

(চট্টগ্রাম অফিস)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিভিন্ন শিক্ষক গ্রুপ, ছাত্র সংগঠন, চাকসুর সভা-সমাবেশ এবং বিদ্ভূতি অব্যাহত রহিয়াছে। দৈন উপলক্ষে কয়েকদিন পরিস্থিতি শান্ত থাকার পর গতকাল (শনিবার)-এর সিওকেট সভা লইয়া শিক্ষক ও ছাত্র সংগঠনসমূহ সভা-সমাবেশ অনুষ্ঠান করে।

(শেষ পৃ: ৪-এর ক: স্র:)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম ক: স্র:)

গতকাল (শনিবার) সকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষক পরিষদের এক জরুরী সাধারণ সভায় বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক পরিস্থিতির ব্যাপারে তাহাদের গভীর উদ্বেগ প্রকাশ করেন।

কলা অনুষদ লাউজে অধ্যাপক ফজলী হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বক্তব্য রাখেন অধ্যাপক ইনামুল হক, অধ্যাপক শরফুদ্দিন, অধ্যাপক হুজুত আলী প্রামানিক অধ্যাপক হামিদা বানু, অধ্যাপক বেনু প্রসাদ বড়ুয়া প্রমুখ। সভায় বক্তাগণ বলেন, কতিপয় জামাতপন্থী শিক্ষক আদর্শ শিক্ষক জাতীয়তাবাদী শিক্ষক পরিষদ, শিক্ষক সমিতি নামে শিক্ষকদের মর্বাদাবোধের পরিপন্থী এবং বিশ্ববিদ্যালয় আইনের চরম লংঘনমূলক বক্তব্য-বিদ্ভূতি দিতেছে এইসব শিক্ষক নিজেদের স্বার্থ চরিতার্থ করার জন্য একটি সন্ত্রাসী ছাত্র সংগঠনকে মদদ যোগাইতেছে এবং তাহাদের সন্ত্রাসের দায়দায়িত্ব ভিসি'র উপর চাপাইয়া দেওয়ার অপচেষ্টা চালাইতেছে।

গতকাল (শনিবার) সকালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিওকেট সভা চলাকালে শিক্ষকদের একাংশ সিওকেট সভার প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশের আয়োজন করে। অধ্যাপক এ, জে, এম, নুরুদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন অধ্যাপক মাহফুজুল হক, অধ্যাপক জহুরুল হক, অধ্যাপক নুরুল ইসলাম প্রমুখ। সমাবেশে বক্তাগণ বলেন, ভিসি অধ্যাপক আলমগীর মোহাম্মদ সিরাজউদ্দিন সিওকেট সভা আহ্বানের মাধ্যমে নতুন করিয়া ষড়যন্ত্র শুরু করিয়াছেন।

চাকসুর

চাকসুর ও সর্বদলীয় ছাত্রত্রৈক্যের উদ্যোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১নং সড়কে অব্যাহত সন্ত্রাস ও বিশ্ববিদ্যালয় অচল করার প্রচেষ্টার প্রতিবাদে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। চাকসুর ভিপি নাজিমউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন শফিউল বশর, মো: শামীম, নাজমুল করিম দুলাল, অনুপ দাস্তগীর প্রমুখ।

32

৩০